বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
ফোন ঃ ০২-৯৫৭৪০২৫, ই-মেইলঃ dgmbcbd@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি আর্থিক খাতের অগ্রগতি

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০২০-২০২১/ ২৮৭(১২২০) তারিখঃ ২০.০৮.২০২০

০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
০৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
০৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
০৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ- করোনা ভাইরাসের প্রাদুর্ভাব প্রতিরোধে ব্যাংকের করণীয় প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ হতে ১৮ আগষ্ট, ২০২০/০৩ ভাদ্র, ১৪২৭ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-৪১ (কপি সংযুক্ত) এ বর্ণিত নির্দেশনা সংশ্লিষ্ট সকলের অবগতি ও যথাযথ অনুসরণ ও পরিপালনের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

০২। ২২ মার্চ ২০২০ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার নং-০৫ এ ব্যাংকিং খাতে করোনা ভাইরাসের প্রাদুর্ভাব এবং কমিউনিটি ট্রান্সমিশন রোধে বিশেষ পরিস্থিতিতে কার্যকরি পদক্ষেপ গ্রহণ, নিরবিচ্ছিন্ন জরুরি ব্যাংকিং সেবা নিশ্চিতকরণ, অন-লাইন ব্যাংকিং সেবা জোরদার করা, রেশনিং/রোস্টারিং এর মাধ্যমে অফিসের কার্যক্রম সম্পন্ন করা, প্রযোজ্য ক্ষেত্রে কোয়ারেন্টিন ছুটি প্রদান, পারস্পারিক দূরত্ব বজায় রাখা এবং কর্মক্ষেত্রে স্বাস্থ্যবিধি পরিপালনসহ বিভিন্ন বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। এ পর্যায়ে, দেশের অর্থনৈতিক গতিশীলতা স্বাভাবিক করার লক্ষ্যে বিআরপিডি সার্কুলার নং-০৫/২০২০ অনুচ্ছেদ নং-৪, ৫ ও ১৬ এ নিম্নরূপভাবে সংশোধন আনয়নের সিদ্ধান্ত গৃহীত হয়েছে ঃ

ক) অনুচ্ছেদ নং-৪ নিম্নরূপে প্রতিস্থাপিত হবেঃ
"ব্যাংকসমূহ নিরবচ্ছিন্নভাবে স্বাভাবিক দাপ্তরিক/ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করবে"।
খ) অনুচ্ছেদ নং-৫ এ উল্লেখিত বিধানের সাথে-অ-বিকল্পযোগ্য ছুটির বিষয়ে নিম্নোক্ত নির্দেশনা প্রযোজ্য হবেঃ
"ঝুঁকিপূর্ণ (World Health Organization এর গাইডলাইন অনুযায়ী)/কোভিড-১৯ এ আক্রান্ত কর্মকর্তা-কর্মচারী ও সন্তান সম্ভবা নারীগণ চিকিৎসকের প্রত্যয়ন/মেডিক্যাল সার্টিফিকেট স্ব স্ব কর্তৃপক্ষের নিকট দাখিলকরতঃ অফিসে আগমন হতে বিরত থাকবেন।"
গ) অনুচ্ছেদ নং-১৬ নিম্নরূপে প্রতিস্থাপিত হবেঃ
"ব্যাংকসমূহের সান্ধ্যকালীন এবং প্রযোজ্য ক্ষেত্রে সাপ্তাহিক ছুটিকালীন (শুক্রবার ও শনিবার) কার্যক্রম স্বাভাবিক নিয়মে পূর্বের ন্যায় পরিচালিত হবে"।

০৩। এতদ্ব্যতিত, বিআরপিডি সার্কুলার নং-০৫ এ বর্ণিত অন্যান্য নির্দেশাবলী অপরিবর্তিত থাকবে।

০৪। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত তা বহাল থাকবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

সংযুক্তি ঃ ০১ (এক) পাতা।

20/08/2020
(মোহাম্মদ মনিরুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০২০-২০২১/ ২৮৭(১২২০) তারিখঃ ২০.০৮.২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-
০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে উপরোক্ত পত্রটি বিকেবির ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। নথি/মহানথি।

২০/০৮/২০২০
(মুহাম্মদ তাইবুর রহমান)
সহকারী-মহাব্যবস্থাপক

উপ-মহাব্যবস্থাপক

website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

১৮ আগস্ট ২০২০
০৩ ভাদ্র ১৪২৭

মহাব্যবস্থাপক (প্রশাসন) এর দপ্তর

বিআরপিডি সার্কুলার লেটার নং- ৪১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**করোনা ভাইরাসের প্রাদুর্ভাব প্রতিরোধে ব্যাংকের করণীয় প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে ২২ মার্চ ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উক্ত সার্কুলারের মাধ্যমে ব্যাংকিং খাতে করোনা ভাইরাসের প্রাদুর্ভাব এবং এর কমিউনিটি ট্রান্সমিশন রোধে বিশেষ পরিস্থিতিতে কার্যকরী পদক্ষেপ গ্রহণ, নিরবচ্ছিন্ন জরুরী ব্যাংকিং সেবা নিশ্চিতকরণ, অন-লাইন ব্যাংকিং সেবা জোরদার করা, রেশনিং/রোস্টারিং এর মাধ্যমে অফিসের কার্যক্রম সম্পন্ন করা, প্রযোজ্য ক্ষেত্রে কোয়ারেন্টিন ছুটি প্রদান, পারস্পরিক দূরত্ব বজায় রাখা এবং কর্মক্ষেত্রে স্বাস্থ্যবিধি পরিপালনসহ বিভিন্ন বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। এ পর্যায়ে, দেশের অর্থনৈতিক গতিশীলতা স্বাভাবিক করার লক্ষ্যে বিআরপিডি সার্কুলার নং-০৫/২০২০ এর অনুচ্ছেদ নং-৪, ৫ ও ১৬ -এ নিম্নরূপভাবে সংশোধন আনয়নের সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

ক) অনুচ্ছেদ নং-৪ নিম্নরূপে প্রতিস্থাপিত হবেঃ
"ব্যাংকসমূহ নিরবচ্ছিন্নভাবে স্বাভাবিক দাপ্তরিক/ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করবে।"

খ) অনুচ্ছেদ নং-৫ এ উল্লেখিত বিধানের সাথে অ-বিকলনযোগ্য ছুটির বিষয়ে নিম্নোক্ত নির্দেশনা প্রযোজ্য হবেঃ
"ঝুঁকিপূর্ণ (World Health Organization এর গাইডলাইন অনুযায়ী)/ কোভিড-১৯ এ আক্রান্ত কর্মকর্তা-কর্মচারী ও সন্তান সম্ভবা নারীগণ চিকিৎসকের প্রত্যয়ন/মেডিক্যাল সার্টিফিকেট স্ব স্ব কর্তৃপক্ষের নিকট দাখিলকরতঃ অফিসে আগমন হতে বিরত থাকবেন।"

গ) অনুচ্ছেদ নং-১৬ নিম্নরূপে প্রতিস্থাপিত হবেঃ
"ব্যাংকসমূহের সান্ধ্যকালীন এবং প্রযোজ্য ক্ষেত্রে সাপ্তাহিক ছুটিকালীন (শুক্রবার ও শনিবার) কার্যক্রম স্বাভাবিক নিয়মে পূর্বের ন্যায় পরিচালিত হবে।"

৩। এতদ্ব্যতীত, উক্ত সার্কুলারে বর্ণিত অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

৪। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত তা বহাল থাকবে।

৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ নজরুল ইসলাম)
মহাব্যবস্থাপক

উপ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়-১
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা